
# পশ্চিমবঙ্গের ভূ-প্রকৃতি

- উত্তরের পার্বত্য অঞ্চল:
- পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গের নাম—সান্দাকফু (3636 মিটার)।
- পৃথিবীর উচ্চতম রেলস্টেশন ঘুম—2247 মিটার।
- সান্দাকফু-3636 মিটার, ফালুট-3595 মিটার, সবরগ্রাম— 3543 মিটার, টাংলু-3036 মিটার—সিঙ্গালীলা পর্বতশ্রেণির প্রধান প্রধান শৃঙ্গ।
- তিস্তা নদীর পশ্চিমদিকে দার্জিলিং হিমালয়ের সর্বোচ্চ অংশ অবস্থিত।
- দার্জিলিং পর্বতশ্রেণির প্রধান শৃঙ্গ—টাইগার হিল (2567 মিটার)।
- টাইগার হিল থেকে ভোরবেলায় কাঞ্চনজঙ্ঘা (8598 মিটার) দেখা যায়।
- টাইগার হিলের দক্ষিণে রয়েছে ডাউহিল।
- কার্শিয়াং শহরটি ডাউহিলের পশ্চিমাঞ্চলে অবস্থিত।
- তিস্তার পূর্বদিকে দুর্পিনদারা পর্বত অবস্থিত।
- কালিম্পং শহর এই অংশে অবস্থিত।
- এটি অর্কিডের শহর নামে পরিচিত।
- এখানকার সর্বোচ্চ শৃঙ্গ হল—ঋষিলা (3121 মিটার), কালিম্পং হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গ।
- জলপাইগুড়ি জেলার ভুটান সীমান্তে সিধুলা পর্বত অবস্থিত।
- এখানে রেনিগাঙ্গো (1885 মিটার) ও ছোট সিধুলা (1726 মিটার) নামে দুটি পর্বতশৃঙ্গ আছে।
- এই অংশে অবস্থিত গিরিপথগুলির মধ্যে বক্সা প্রধান। বক্সা দিয়ে ভুটান যাওয়া যায়। সিংচুলা বক্সা পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গ। সিঙ্গালীলা শৈলশিরা পশ্চিমবঙ্গ (দার্জিলিং)-কে নেপাল থেকে বিচ্ছিন্ন করেছে।





- পশ্চিমের মালভূমি অঞ্চল:
- বিস্তৃতি : বাঁকুড়া, বীরভূম, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর জেলার পশ্চিমাংশ, সমগ্র পুরুলিয়া।
- মালভূমি অঞ্চলের ছোট ছোট পাহাড়গুলিকে স্থানীয় ভাষায় ডুংরী বলে।
- অযোধ্যা, জয়চণ্ডী ও পাঞ্চেত পাহাড় পুরুলিয়া জেলায় অবস্থিত।
- অযোধ্যা পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গের নাম—গোর্গাবুরু (677 মিটার)।



শিক্ষাঙ্গন

- গোর্গাবুরু (677 মিটার) পশ্চিমবঙ্গের মালভূমির সর্বোচ্চ শৃঙ্গ।
- শুশুনিয়া (447 মিটার), বিহারীনাথ (439 মিটার) পাহাড় বাঁকুড়া জেলায় অবস্থিত।
- মামা-ভাগ্নে পাহাড় বীরভূম জেলার দুবরাজপুরে অবস্থিত।
- বীরভূম জেলার বক্রেশ্বরে উষ্ণ প্রস্রবণ আছে।
- অযোধ্যা পাহাড়ের গোর্গাবুরু শৃঙ্গে ব্রাহ্মণী জলপ্রপাত অবস্থিত।




- পশ্চিমবঙ্গের উল্লেখযোগ্য পর্বত:
- সান্দাকফু-3636 মিটার—দার্জিলিং।
- ফালুট–3595 মিটার—দার্জিলিং (পশ্চিমবঙ্গের দ্বিতীয় সর্বোচ্চ শৃঙ্গ)।
- সবরগ্রাম-3543 মিটার—দার্জিলিং।
- টাংলু-3036 মিটার—দার্জিলিং।
- টাইগারহিল–2567 মিটার–দার্জিলিং।
- রেনিগাঙ্গো—1372 মিটার—দার্জিলিং
- ঋষিলা–3121 মিটার–কালিম্পং।
- দুর্পিনদারা—1800 মিটার-কালিম্পং।
- ছোটা সিধুলা—1726 মিটার—আলিপুরদুয়ার।
- মামা-ভাগ্নে—105 মিটার, মধুরখালি-বীরভূম।
- শুশুনিয়া (447 মিটার), বিহারীনাথ (439 মিটার)-বাঁকুড়া।
- জয়চণ্ডী (155 মিটার), পাঞ্চেত হিল (490 মিটার), ভাণ্ডারী -পুরুলিয়া।
- অযোধ্যা (855 মিটার), গোর্গাবুরু (677 মিটার), বাঘমুণ্ডী পুরুলিয়া।
- বেলপাহাড়ী–পশ্চিম মেদিনীপুর।

- **সমভূমি অঞ্চল:**
- **উত্তরবঙ্গের সমভূমি অঞ্চল :**
- **i)** তরাই ও ডুয়ার্স অঞ্চল-
- শিলিগুড়ি থেকে গঙ্গানদীর উত্তর তীর পর্যন্ত। তরাই শব্দের অর্থ স্যাঁতসেঁতে জলাভূমি। তিস্তার পশ্চিমদিকে তরাই অবস্থিত। তিস্তার পূর্বদিকে দুয়ার বা ডুয়ার্স অবস্থিত। ডুয়ার্স ভূটান হিমালয়ের প্রবেশ দ্বার।
- **ii)** উত্তরের সমভূমি-
- ক) বরেন্দ্রভূমি—উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দক্ষিণভাগে এবং মালদহ জেলার পূর্বভাগ, পীত ও লাল রঙের প্রাচীন পলিমাটি দ্বারা গঠিত।
- খ) দিয়ারা—মালদা জেলার কালিন্দী নদীর দক্ষিণ ভাগে নবীন পলিগঠিত ভূমি।
- গ) তালতাল কথাটির অর্থ হ্রদ। কালিন্দী নদীর উত্তরভাগের জলাভূমি। কোচবিহারের দক্ষিণাংশ ও উত্তর ও দক্ষিণ দিনাজপুর নিয়ে তালভূমি গঠিত।
- **B) দক্ষিণবঙ্গের সমভূমি :**
- **i)** রাঢ় অঞ্চল— সাঁওতালী শব্দ 'রাঢ়ো (অর্থ—পাথুরে জমি) থেকে রাঢ় এসেছে।
- মুর্শিদাবাদ জেলার পশ্চিমাংশ, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, বীরভূম জেলার পূর্বাংশ এবং পশ্চিম মেদিনীপুর জেলার সমভূমি রাঢ় অঞ্চলের অন্তর্গত। পশ্চিমের মালভূমি অঞ্চল এবং ভাগীরথী নদীর মধ্যবর্তী সমভূমিকে রাঢ় অঞ্চল বলে। ভূমির ঢাল পশ্চিম থেকে পূর্বদিকে। দুর্গাপুরকে ভারতের রূঢ় বলা হয়।
- **ii) গাঙ্গেয় ব-দ্বীপ সমভূমি**
- ক) মৃতপ্রায় ব-দ্বীপ মুর্শিদাবাদ ও নদীয়া জেলার সমভূমি মৃতপ্রায় ব-দ্বীপ সমভূমি নামে পরিচিত। নবীন পলিমাটি গঠিত। ভাগীরথী নদীর সঙ্গে মজে যাওয়া অঞ্চলকে বাগড়ী অঞ্চল বলে।
- খ) পরিণত ব-দ্বীপ- বর্ধমান, পূর্ব মেদিনীপুর, হাওড়া ও হুগলী জেলার সমভূমি পরিণত-বদ্বীপ সমভূমি নামে পরিচিত। কারণ এখানে ব-দ্বীপ গঠনের কাজ প্রায় শেষ হয়েছে। ১
- গ) সক্রিয় ব-দ্বীপ— দক্ষিণ 24 পরগনা জেলার ও উত্তর 24 পরগনা জেলার দক্ষিণাংশে ব-দ্বীপ গঠনের কাজ চলছে বলে এই অঞ্চলকে সক্রিয় ব-দ্বীপ বলে।
- সম্প্রতি সুন্দরবনের দক্ষিণে পূর্বাশা বা নিউমুর দ্বীপ গড়ে উঠেছে। সুন্দরবন এই সক্রিয় ব-দ্বীপ অঞ্চলের অন্তর্গত।
- **iii)** উপকূলের বালিময় সমভূমি- পূর্ব মেদিনীপুরে বঙ্গোপসাগরের তীরবর্তী অঞ্চলে বালিয়াড়ি নামে পরিচিত। উদাহরণ—কাঁথি ও দীঘার বালিয়াড়ী।
- **iv)** সুন্দরবন- উত্তর ও দক্ষিণ 24 পরগনার দক্ষিণাংশে সুন্দরবন অবস্থিত। পলিগঠিত, কর্দমাক্ত ও লবনাক্ত মৃত্তিকা।




শিক্ষাঙ্গন